



বিবিআর / অ্যাডমিন/পিআর-৪৬১/ ১৯৪৭

২১ ডিসেম্বর ২০২২

সংবাদ বিজ্ঞপ্তি

প্রধানমন্ত্রীর আর্জেন্টিনার রাষ্ট্রপতির আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন : ঢাকাতে আর্জেন্টাইন দূতাবাস স্থাপনের ঘোষণা

ফিফা বিশ্বকাপ-২০২২ এর শিরোপা জয়ে আর্জেন্টিনার রাষ্ট্রপতি ও জনগণকে অভিনন্দন জানিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার শুভেচ্ছাবার্তার জবাবে আর্জেন্টিনার রাষ্ট্রপতি আলবার্তো ফার্নান্দেজ প্রধানমন্ত্রীর কৃতজ্ঞতা ও আন্তরিক ধন্যবাদ জানিয়েছেন।

আর্জেন্টিনার সমবর্তী দায়িত্বপ্রাপ্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের নিকট এইমাত্র পৌঁছানো প্রধানমন্ত্রী শেখ হাসিনা বরাবর প্রেরিত রাষ্ট্রপতি আলবার্তো ফার্নান্দেজ কর্তৃক স্বাক্ষরিত চিঠিতে বাংলাদেশ-আর্জেন্টিনার কূটনৈতিক বন্ধনের ৫০ বছর পূর্তিতে ঢাকাতে দূতাবাস স্থাপনের ঘোষণা দেয়া হয়েছে। ২০২৩ সালেই ঢাকাতে আর্জেন্টাইন দূতাবাস স্থাপনের মাধ্যমে দুই দেশের জনগণ ভাতৃ ও সম্প্রীতির দৃঢ়বন্ধনে আবদ্ধ হবে বলে আর্জেন্টিনার রাষ্ট্রপতি আলবার্তো ফার্নান্দেজ অভিমত প্রকাশ করেন।

ফিফা বিশ্বকাপ-২০২২ এর শিরোপা জয়ের পরপরই দুই দেশের সরকার প্রধানের শুভেচ্ছা-বার্তা বিনিময় কূটনৈতিক প্রচেষ্টার ফসল ও দক্ষিণ আমেরিকাতে বাংলাদেশের একটি বড় কূটনৈতিক সাফল্য। আর্জেন্টাইন ফুটবলের বিশ্বজয়ে বাংলাদেশের আপামর জনসাধারণের প্রাণোচ্ছল উদযাপনে আর্জেন্টিনার জনগণ ও রাষ্ট্রপতি অভিভূত হয়েছেন। রাষ্ট্রপতি আলবার্তো বলেন খেলাধুলা মানুষের মধ্যে বন্ধন ও সম্প্রীতি বৃদ্ধির একটি অর্থবহ ও শক্তিশালী মাধ্যম।

ঢাকায় আর্জেন্টিনার দূতাবাস চালু হলে দক্ষিণ আমেরিকাতে বাংলাদেশের বাণিজ্য-বাজার সম্প্রসারণের সুযোগ সৃষ্টি হবে এবং দক্ষিণ আমেরিকার দ্বিতীয় সর্বোচ্চ সয়াবিন উৎপাদক দেশ আর্জেন্টিনা থেকে সয়াবিন তেল আমদানি সহজতর হবে। সেই সাথে মারকসুরের বাণিজ্য বাজারে বাংলাদেশের প্রবেশ বেগবান হবে বলে আশা করা যাচ্ছে। ঢাকাতে আর্জেন্টিনার দূতাবাস স্থাপনের সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে ব্রাসিলিয়াস্থ বাংলাদেশ দূতাবাস আর্জেন্টিনা ও বাংলাদেশের মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির প্রয়াস অব্যাহত রাখার অঙ্গীকার ব্যক্ত করছে।